

ডিন

সামাজিক বিজ্ঞান অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা-১০০০, বাংলাদেশ

ফোন : ৯৬৬১৯০০/৪৩৫২, ৫৮৬১৩৭৩৮

ফ্যাক্স : ৮৮০-২-৯৬৬৭২২২



Dean

Faculty of Social Sciences

University of Dhaka

Dhaka-1000, Bangladesh

Phone : 9661900/4352, 58613738

Fax : 880-2-9667222

E-mail : dean.fss.du@gmail.com

তারিখ : ১৯ নভেম্বর, ২০১৮

‘ঘ’ ইউনিট

প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের পুনঃপরীক্ষার ফল প্রকাশ

১৬ নভেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ‘ঘ’ ইউনিটের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের পুনঃপরীক্ষার ফলাফল অদ্য ১৯-১১-২০১৮ তারিখ প্রকাশ করা হলো। পরীক্ষায় মোট ১৬,১৮১ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। পরীক্ষার্থীদের মধ্যে সর্বমোট ৯,৮৮৬ জন উত্তীর্ণ হয়। পাশের হার ৬১.১%। পরীক্ষার্থীদের মধ্যে বিজ্ঞান শাখায় উত্তীর্ণ ৬,৮১৪, ব্যবসায় শিক্ষা শাখায় ১,১৭২ এবং মানবিক শাখায় ১,৯০০ জন পরীক্ষার্থীদের তিনটি পৃথক মেধা তালিকা প্রণয়ন করা হয়েছে। ফলাফল ঢাকা বিশ্ববিদ্যালয়ের admission.eis.du.ac.bd ওয়েব সাইটে গিয়ে লগইন করে দেখা যাবে। এছাড়া যে কোন অপারেটরের মোবাইল ফোন থেকে DU GHA <roll no> টাইপ করে ১৬৩২১ নম্বরে send করলে ফিরতি SMS-এর মাধ্যমে ফলাফল জানা যাবে।

নিম্নলিখিত বিষয়গুলোর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে:

- ১। প্রকাশিত ‘ঘ’ ইউনিটের ভর্তি পরীক্ষার (ফলাফল) উত্তরপত্র পুনঃনিরীক্ষার জন্য কোন প্রার্থী আগ্রহী হলে সামাজিক বিজ্ঞান অনুষদে ১০০০/- টাকা ফি জমা দিয়ে এসএসসি ও এইচএসসি পরীক্ষার নম্বরপত্রীর ফটোকপি, ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি ও অনলাইন থেকে প্রিন্ট করা ফলাফলের কপিসহ ডিন, সামাজিক বিজ্ঞান অনুষদ-এর বরাবরে ২৫/১১/২০১৮ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে লিখিতভাবে আবেদন করতে হবে। পুনঃনিরীক্ষার ফলে প্রার্থীর অর্জিত নম্বরের পরিবর্তন হলে মেধা-তালিকায় প্রয়োজনীয় সংশোধন করা হবে। এতদসংক্রান্ত ফলাফল আগামী ২৬/১১/২০১৮ তারিখে অনুষদ-অফিসে প্রকাশ করা হবে।
- ২। কোটায় ভর্তি হতে আগ্রহী উত্তীর্ণ প্রার্থীদেরকে ২০/১১/২০১৮ থেকে ২৭/১১/২০১৮ তারিখের মধ্যে অফিস চলাকালীন সংশ্লিষ্ট কোটার ফর্ম সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করে উক্ত সময়সীমার মধ্যে যথাযথভাবে পূরণ করে অনুষদের অফিসে জমা দিতে হবে। পূর্বে যারা কোটার ফর্ম নিয়েছে এবং এবারের পুনঃপরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, তারা নতুন করে ফর্ম সংগ্রহ করে ফর্ম-ফি সমন্বয় করে নিবে। যারা পুনঃপরীক্ষায় উত্তীর্ণ হতে পারেনি, তাদের ফর্মের ফি ডিন অফিস থেকে ফেরত প্রদান করা হবে।
- ৩। ভর্তি হতে আগ্রহী উত্তীর্ণ সকল প্রার্থীদের আগামী ২০/১১/২০১৮ থেকে ২৭/১১/২০১৮ তারিখের মধ্যে ওয়েবসাইটে বিস্তারিত তথ্য ও বিষয় পছন্দক্রম ফর্ম পূরণ করতে হবে এবং এক কপি প্রিন্ট করে নিজের কাছে রেখে দিতে হবে। উক্ত সময়ের মধ্যে বিষয় পছন্দক্রম ফর্ম পূরণ না করলে কোন প্রার্থীকে বিষয়-মনোনয়ন দেয়া সম্ভব নয়। আগামী ০৩/১২/২০১৮ তারিখ বিকাল ৩:০০টায় ওয়েবসাইটে বিষয়/বিভাগ মনোনয়ন দেয়া হবে এবং ঐ তারিখে সাক্ষাৎকারের নোটিশ ওয়েবসাইটের ‘ঘ’ ইউনিট সেকশনে দেয়া হবে। প্রার্থীকে নিজ দায়িত্বে অনুষদের নোটিশ বোর্ড অথবা ওয়েবসাইটের মাধ্যমে জেনে নিতে হবে।

স্বাক্ষরিত -

অধ্যাপক ড. সাদেকা হালিম

ডিন, সামাজিক বিজ্ঞান অনুষদ

ও

সমন্বয়কারী

‘ঘ’ ইউনিট ভর্তি পরীক্ষা: ২০১৮-২০১৯

ঢাকা বিশ্ববিদ্যালয়